গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা : ২৫৩/২০১৭-১৮

ঢাকা, বৃহস্পতিবার, ২৮ জুন ২০১৮, ১৪ আষাঢ় ১৪২৫

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। সংসদে অর্থবিল পাশ

২। সাফল্যের ধারা অব্যাহত রাখতে ঐক্যবদ্ধ থাকতে হবে : সংসদে প্রশ্নোত্তর পর্বে প্রধানমন্ত্রী

৩। মাদকের বিরুদ্ধে অভিযান চলবেই : সংসদে বাজেট আলোচনায় প্রধানমন্ত্রী

৪। জীবনযাত্রার মানোন্নয়নে চাই দীর্ঘমেয়াদী পরিকল্পনা
বাংলাদেশ ডেল্টা প্ল্যান উপস্থাপন অনুষ্ঠানে প্রধানমন্ত্রী

৫। ক্রয়সংক্রান্ত মন্ত্রিপরিষদ কমিটিতে ১০ ক্রয়প্রস্তাব অনুমোদন

৬। দেশের মানুষের গড় আয়ু বৃদ্ধি পেয়ে এখন ৭২ বছর : বিবিএস'র প্রতিবেদন

৭। দেশে এইডস রোগীর সংখ্যা ৪৬৬২ : সংসদে স্বাস্থ্যমন্ত্রী

৮। পিআইবিতে প্রধানমন্ত্রীর ১০ উদ্যোগ নিয়ে মতবিনিময়
শেখ হাসিনার নেতৃত্বে দেশে ব্যাপক উন্নয়ন হয়েছে : তথ্যমন্ত্রী

৯। নয় বছরে শিক্ষা ক্ষেত্রে যুগান্তকারী পরিবর্তন এসেছে : শিক্ষামন্ত্রী

১০। ঝুঁকিপূর্ণ শিশুশ্রম বন্ধে ২৮৫ কোটি টাকার প্রকল্প গ্রহণ : শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রী

১১। বাংলাদেশ ও ভারতীয় নৌবাহিনীর যৌথ টহল আজ থেকে শুরু

চলমান পাতা-২

১। সংসদে অর্থবিল পাশ

প্রস্তাবিত বাজেটের কিছু বিষয় সংশোধন করে এবং কিছু নতুন প্রস্তাব সংযোজন করে অর্থবিল ২০১৮ জাতীয় সংসদে পাশ হয়েছে। গতকাল (২৭ জুন বুধবার) জাতীয় সংসদে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত এসব প্রস্তাব উত্থাপন করলে তা কণ্ঠভোটে পাশ হয়। অর্থবিল পাশের মধ্য দিয়ে নতুন বাজেটের করপ্রস্তাবগুলো কার্যকর হলো। আজ পাশ হবে বাজেট। আগামী ১ জুলাই থেকে বাস্তবায়ন শুরু হবে ২০১৮-১৯ অর্থবছরের বাজেট। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৬), **যুগান্তর** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** (পৃ.২,ক.৩), **নিউ এজ** (পৃ.১,ক.৫)।

২। সাফল্যের ধারা অব্যাহত রাখতে ঐক্যবদ্ধ থাকতে হবে : সংসদে প্রশ্নোত্তর পর্বে প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, উন্নয়ন পরিকল্পনা, সুদূরপ্রসারী কার্যক্রম ও গঠনমূলক পদক্ষেপ গ্রহণের ফলেই সরকার বিগত ৯ বছরে সর্বক্ষেত্রে সফলতা অর্জন করতে সক্ষম হয়েছে। এ অর্জন জনগণের অর্জন। সাফল্যের ধারাকে অব্যাহত রাখতে সবাইকে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে। আর এরই ধারাবাহিকতায় ২০৪১ সালের মধ্যে বাংলাদেশ হবে একটি সুখী, সমৃদ্ধ ও উন্নত দেশ। তিনি বলেন, বর্তমান সরকারের দীর্ঘ ৬ বছরের কঠোর পরিশ্রমের ফলে বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ উৎক্ষেপণের মাধ্যমে মহাকাশ জয় সম্ভব হয়েছে। মহাকাশে আজ বাংলাদেশের পতাকা উড়ছে। এ গৌরব আমাদের সরকারের, এ গৌরব দেশের ১৬ কোটি মানুষের। গতকাল (২৭ জুন বুধবার) জাতীয় সংসদের ২১তম (বাজেট) অধিবেশনে প্রশ্নোত্তর পর্বে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.২), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১,ক.১), **নিউ এজ** বিজনেস পাতা (পৃ.১,ক.৪)।

৩। মাদকের বিরুদ্ধে অভিযান চলবেই : সংসদে বাজেট আলোচনায় প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, মাদকের বিরুদ্ধে অভিযান চলবেই। তিনি বলেন, মাদক এমন পর্যায়ে চলে গেছে যে এটা রোধ করতেই হবে। যে যাই বলুক; আমরা যে পদক্ষেপ নিয়েছি তা অব্যাহত থাকবে। মাদকের ছোবল থেকে আমাদের ছেলেমেয়েদের বাঁচাতে এটা আমাদের করতেই হবে। সন্ত্রাস, জঙ্গিবাদ ও মাদকের বিরুদ্ধে অভিযান অব্যাহত থাকবে। গতকাল (২৭ জুন বুধবার) জাতীয় সংসদে ২০১৮-১৯ অর্থবছরের প্রস্তাবিত বাজেটের ওপর সাধারণ আলোচনায় অংশ নিয়ে এসব কথা বলেন প্রধানমন্ত্রী। সূত্র-**যুগান্তর** (পৃ.১,ক.৬), **ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **ডেইলি সান** (পৃ.১,ক.১), **নিউ এজ** (পৃ.১,ক.২)।

৪। জীবনযাত্রার মানোন্নয়নে চাই দীর্ঘমেয়াদী পরিকল্পনা
বাংলাদেশ ডেল্টা প্ল্যান উপস্থাপন অনুষ্ঠানে প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঘনবসতিপূর্ণ বাংলাদেশের মানুষের জীবনযাত্রার মানোন্নয়নে একটি দীর্ঘমেয়াদী পরিকল্পনা গ্রহণের ওপর গুরুত্বারোপ করেছেন। প্রধানমন্ত্রী বলেন, বাংলাদেশ একটি বদ্বীপ অঞ্চল। এখানে জনসংখ্যার ঘনত্ব খুব বেশি। এ জন্য জনগণের জীবনযাত্রার আরও মানোন্নয়নে আমাদের সুদূরপ্রসারী পরিকল্পনা প্রয়োজন। তিনি গতকাল (২৭ জুন বুধবার) তাঁর কার্যালয়ে বাংলাদেশ ডেল্টা প্ল্যান-২১০০-এর চূড়ান্ত খসড়া উপস্থাপন অনুষ্ঠানে এ অভিমত প্রকাশ করেন। পরিকল্পনা কমিশনের সদস্য ড. শামসুল আলম এ চূড়ান্ত খসড়া পরিকল্পনার পাওয়ার পয়েন্ট উপস্থাপনা তুলে ধরেন। তিনি প্রধানমন্ত্রীকে এ পরিকল্পনার বিভিন্ন বিষয় ও সুফল সম্পর্কে অবহিত করেন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৭), **যুগান্তর** (পৃ.২,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.২), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.১)।

৫। ক্রয়সংক্রান্ত মন্ত্রিপরিষদ কমিটিতে ১০ ক্রয়প্রস্তাব অনুমোদন

বিভিন্ন দেশের রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান থেকে পরিশোধিত তেল আমদানির প্রস্তাবসহ ১৪ হাজার ৬৬২ কোটি টাকা ব্যয়ে ১০টি ক্রয়প্রস্তাব অনুমোদন করেছে সরকারি ক্রয়সংক্রান্ত মন্ত্রিপরিষদ কমিটি। গতকাল (২৭ জুন বুধবার) সচিবালয়ে মন্ত্রিপরিষদ বিভাগের সম্মেলনকক্ষে সরকারি ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠকে এসব

ক্রয়প্রস্তাব অনুমোদন দেওয়া হয়। শিল্পমন্ত্রী আমির হোসেন আমু কমিটির বৈঠকে সভাপতিত্ব করেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১)।

৬। দেশের মানুষের গড় আয়ু বৃদ্ধি পেয়ে এখন ৭২ বছর : বিবিএস'র প্রতিবেদন

২০১৭ সালের হিসাব অনুযায়ী মানুষের গড় আয়ু বেড়ে দাঁড়িয়েছে ৭২ বছর। ২০১৬ সালে যা ছিল ৭১ দশমিক ৬ বছর। তার আগে ২০১৫ সালে গড় আয়ু ছিল ৭০ দশমিক ৯ বছর। এভাবে দিন দিন বাড়ছে গড় আয়ু। তবে এক্ষেত্রে পুরুষের তুলনায় নারীরা বেশি দিন বেঁচে থাকছেন। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (বিবিএস) 'মনিটরিং দ্য সিচুয়েশন অভ্ ভাইটাল স্ট্যাটিসটিকস অভ্ বাংলাদেশ' শীর্ষক প্রতিবেদনে উঠে এসেছে এসব তথ্য। গতকাল (২৭ জুন বুধবার) রাজধানীর আগারগাঁওয়ে বিবিএস অডিটরিয়ামে আনুষ্ঠানিকভাবে প্রতিবেদনটি প্রকাশ করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন পরিকল্পনামন্ত্রী আ হ ম মুস্তফা কামাল। সূত্র-**যুগান্তর** (শেষ পৃ.,ক.৪), **সমকাল** (শেষ পৃ.,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৪), **নিউ এজ** (পৃ.১,ক.৮)।

৭। দেশে এইডস রোগীর সংখ্যা ৪৬৬২ : সংসদে স্বাস্থ্যমন্ত্রী

স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম সংসদকে জানিয়েছেন, ২০১৭ সালের অক্টোবর পর্যন্ত ৫ হাজার ৫৮৬ জন রোগীকে এইচআইভি পজিটিভ হিসেবে শনাক্ত করা হয়েছে, যার মধ্যে ৯২৪ জন মারা গেছেন। অবশিষ্ট ৪ হাজার ৬৬২ জন রোগী এখন আমাদের দেশে বসবাস করছেন, যাদের মধ্যে ৬৩ জন রোগী রোহিঙ্গা সম্প্রদায়ের। গতকাল (২৭ জুন বুধবার) সংসদে এক প্রশ্নের জবাবে মন্ত্রী এ তথ্য দেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৬), **এশিয়ান এজ** (পৃ.১২,ক.১), **নিউ এজ** (শেষ পৃ.,ক.৮)।

৮। পিআইবিতে প্রধানমন্ত্রীর ১০ উদ্যোগ নিয়ে মতবিনিময়

শেখ হাসিনার নেতৃত্বে দেশে ব্যাপক উন্নয়ন হয়েছে : তথ্যমন্ত্রী

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণতন্ত্র ফিরিয়ে দিয়ে দেশকে অন্তর্ভুক্তিমূলক উন্নয়নের পথে পরিচালিত করছেন। এ কারণে দারিদ্র্য কমছে। অনেকে বাংলাদেশকে উন্নয়নের মডেল হিসেবে অভিহিত করছেন। বাংলাদেশে ব্যাপক উন্নয়ন হয়েছে। বাংলাদেশ প্রেস ইনস্টিটিউটের (পিআইবি) সেমিনারকক্ষে গতকাল (২৭ জুন বুধবার) প্রধানমন্ত্রীর ১০টি উদ্যোগ নিয়ে গণমাধ্যমের সঙ্গে মতবিনিময় অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তথ্যমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৬), **সংবাদ** (পৃ.২,ক.৮)।

৯। নয় বছরে শিক্ষা ক্ষেত্রে যুগান্তকারী পরিবর্তন এসেছে : শিক্ষামন্ত্রী

হাজারো সীমাবদ্ধতা থাকা সত্ত্বেও গত ৯ বছরে দেশের শিক্ষাক্ষেত্রে যুগান্তকারী পরিবর্তন এসেছে বলে উল্লেখ করেছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। তিনি বলেন, শতকরা ৯৯ শতাংশ শিশু এখন বিদ্যালয়ে আসছে এবং বছরের প্রথম দিনেই শিক্ষার্থীদের হাতে নতুন বই তুলে দেওয়া হয়, সারা পৃথিবীতে এটি একটি অতুলনীয় উদাহরণ। গতকাল (২৭ জুন বুধবার) রাজধানীর সেগুনবাগিচায় আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট মিলনায়তনে ইসলামী আরবি বিশ্ববিদ্যালয়ের জাতীয় প্রতিযোগিতা-২০১৭ এর জাতীয় পর্যায়ের পুরস্কার বিতরণ অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২)।

১০। ঝুঁকিপূর্ণ শিশুশ্রম বন্ধে ২৮৫ কোটি টাকার প্রকল্প গ্রহণ : শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রী

ঝুঁকিপূর্ণ শিশুশ্রম নিরসনে সরকার তিন বছর মেয়াদী একটি প্রকল্প হাতে নিয়েছে। এটি বাস্তবায়নে ব্যয় হবে ২৮৫ কোটি টাকা। গতকাল (২৭ জুন বুধবার) রাজধানীর সিরডাপ মিলনায়তনে জাতীয় শিশুশ্রম কল্যাণ পরিষদের সভায় এ তথ্য জানান শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রী মুজিবুল হক চুন্নু। তিনি বলেন, যে কোনো উপায়ে ২০২১ সালের মধ্যে ঝুঁকিপূর্ণ শিশুশ্রম নিরসনে সরকার দৃঢ়ভাবে অঙ্গিকারাবদ্ধ। তিনি বলেন, টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে ২০২৫ সালের মধ্যে সকল প্রকার শিশুশ্রম নিরসন করা হবে। এজন্য সরকারি-বেসরকারি সংস্থা নানামুখী উদ্যোগ গ্রহণ করেছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.২), **ডেইলি সান** (পৃ.২,ক.৬), **এশিয়ান এজ** (পৃ.১১,ক.৪)।

**১১।	বাংলাদেশ ও ভারতীয় নৌবাহিনীর যৌথ টহল আজ থেকে শুরু**

বঙ্গোপসাগরে প্রথমবারের মতো দুই দেশের সমুদ্রসীমার নির্ধারিত এলাকায় বাংলাদেশ ও ভারতীয় নৌবাহিনীর জাহাজ ও টহল বিমানের (মেরিটাইম পেট্রোল এয়ারক্রাফট) অংশগ্রহণে শুরু হচ্ছে যৌথ টহল-করপ্যাট। আজ (২৮ জুন বৃহস্পতিবার) বাংলাদেশি জলসীমা হতে এ টহল শুরু হয়ে ৩ জুলাই ভারতের বিশাখাপত্তমে পৌঁছে শেষ হবে। সমুদ্র এলাকায় অবৈধভাবে মৎস্য আহরণ, চোরাচালান ও মানবপাচার, জলদস্যুতা ও সন্ত্রাসবাদ এবং মাদক পাচারসহ বিভিন্ন অপরাধমূলক কর্মকাণ্ড নিরসনের লক্ষ্যে এ যৌথ টহল পরিচালিত হচ্ছে। এ উপলক্ষে গতকাল (২৭ জুন বুধবার) চট্টগ্রামে বানৌজা ঈসাখানের এসএমডব্লিউটি মিলনায়তনে এর আনুষ্ঠানিক উদ্বোধন করেন বাংলাদেশ নৌবাহিনীপ্রধান এডমিরাল নিজামউদ্দিন আহমেদ ও ভারতীয় নৌবাহিনীপ্রধান এডমিরাল সুনীল লানবা। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১), **সমকাল** (পৃ.২,ক.৫), **ডেইলি সান** (পৃ.৩,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৫,ক.৫)।

সম্পাদকীয়

ক.	**ভোরের কাগজ :** চট্টগ্রামে পানিবাহিত রোগে গত এক মাসে অন্তত ১০ জনের মৃত্যুর খবরে উদ্বেগ প্রকাশ করে এ স্বাস্থ্যঝুঁকি মোকাবিলায় তৎপরতা জোরদার করার ওপর গুরুত্বারোপ।

খ.	**সমকাল :** বঙ্গোপসাগরের ঢেউয়ের আঘাতে পর্যটনকেন্দ্র কুয়াকাটা সৈকত ভাঙছে উল্লেখ করে ভাঙ্গন রোধে দ্রুত ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

গ.	**যুগান্তর :** সরকারের ব্যাংকিংখাত সংস্কারের সিদ্ধান্ত নেওয়াকে ইতিবাচক উল্লেখ করে ব্যাংকিংখাতে শৃঙ্খলা, সুশাসন ও নৈতিকতা প্রতিষ্ঠা করতে সরকার প্রশাসনিক ও আইনি সংস্কারের মাধ্যমে এক সুশৃঙ্খল কাঠামোর মধ্যে নিয়ে আসার পদক্ষেপ নেবে বলে প্রত্যাশা ব্যক্ত।

ঘ.	**সংবাদ :** রাজধানীতে সামান্য বৃষ্টিতেই যে জলাবদ্ধতার সৃষ্টি হয় তা নিরসনে কার্যকর পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

ঙ.	**ইত্তেফাক :** দেশে আর্সেনিক ঝুঁকি শূন্যের কোটায় নামিয়ে আনতে বাস্তবসম্মত ও কার্যকরী বহুমুখী ব্যবস্থা গ্রহণ করার সুপারিশ।

চ.	**নিউ নেশন :** মাদকসংক্রান্ত মামলাগুলো দ্রুত নিষ্পত্তির সুপারিশ।

ছ.	**ইন্ডিপেনডেন্ট :** শুষ্ক মৌসুমের জন্য বর্ষাকালে বৃষ্টির পানি সংরক্ষণের ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ।

উপসম্পাদকীয়

মানবকণ্ঠ পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, দেশের উন্নয়নের জন্য রাজনীতি ও সমাজের মধ্যে বোঝাপড়া থাকতে হবে।

নিবন্ধ ও ফিচার

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত **‘বৃক্ষের স্বল্পতা বনাম বজ্রপাতের ব্যাপকতা’** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, বজ্রপাতের আঘাত থেকে বাঁচতে সবুজায়ন কর্মসূচি অবশ্যই বাড়াতে হবে।

#

ফাহিমা/শুকলা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৮/৯.০০ঘন্টা